গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
(শিশু ও সমন্বয় অনুবিভাগ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

স্মারক নং-৩২.০০.০০০০.০৩৫.৩১.০০১.২০-০৮ তারিখ: ৩০.০৪.২০২৩

বিষয়ঃ সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে অবস্থিত ওয়ানষ্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি) পরিদর্শন প্রতিবেদন।

বিগত ২৬-০৪-২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম এর অধীন সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে স্থাপিত ওয়ানষ্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি) সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনকালে হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডাঃ মাহবুবুর রহমান ভূইঁয়া, ভারপ্রাপ্ত কো-অর্ডিনেটর ডাঃ ফরহাদ আহমদ চৌধুরী, সিলেট মহিলা বিষয়ক অধিদপ্তর এর উপপরিচালক বেগম শাহিনা আক্তার, সিলেট জেলা শিশুবিষয়ক কর্মকর্তা জনাব সাইদুর রহমান ভূইয়া, সংশ্লিষ্ট মেডিকেল অফিসারবৃন্দ , সিনিয়র নার্সবৃন্দ ,পুলিশ কর্মকর্তা, আইন কর্মকর্তাসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

০২। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, সিলেট মেডিকেল কলেজ হাসপাতাল ভবনের নীচতলায় দশ বেডের একটি ওয়ার্ড এবং আরও ৩/৪টি কক্ষের সমন্বয়ে ওসিসি অবস্থিত। পরিদর্শনকালে (২৬-০৪-২০২৩ তারিখে) মোট ০৬ (ছয়) জন নারী ভিকটিম ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় পাওয়া যায়।

০৩। পরিদর্শনকালে হাসপাতালের পরিচালক, ওসিসি এর ভারপ্রাপ্ত কো অর্ডিনেটর, ফরেনসিক বিভাগের বিভাগীয় প্রধান ডাঃ শামছুল আলমসহ ওসিসিতে কর্মরত নার্স, ভারপ্রাপ্ত মেডিকেল অফিসার, ল্যাব টেকনোলজিস্ট পুলিশ কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের সাথে ওসিসি এবং বিভাগীয় ডিএনএ স্ক্রীনিং ল্যাব সহ সামগ্রিক বিষয়ে মত বিনিময় করা হয়।

০৪। মত বিনিময়কালে ওসিসি এর ওয়ার্ড সম্প্রসারণ,বেড সংখ্যা বৃদ্ধি, সার্বক্ষনিক মহিলা মেডিকেল অফিসার পদায়ন, ডিএনএ ল্যাব এ বৈজ্ঞানিক কর্মকর্তা পদায়ন, পুর্নাঙ্গ প্রোফাইলিং ল্যাব স্থাপন, ওসিসি এবং ডিএনএ ল্যাবের জনবল ঘাটতি পূরণ, কর্মকর্তা/কর্মচারীদের বেতন/ভাতাদি নিয়মিত পরিশোধের ব্যবস্থা গ্রহণ, সংগৃহীত ডিএনএ স্যাম্পল ঢাকাস্থ প্রোফাইলিং ল্যাব এ জমাদানের জন্য পর্যাপ্ত যাতায়াত ভাতার সংস্থান, ডিএনএ স্যাম্পল সংরক্ষণের জন্য বিদ্যমান স্টোররুম সম্প্রসারণ, স্টোররুমে স্টিলের র‍্যাক সরবরাহ, ক্লিনিকাল সাইকোলজিষ্ট পদে জনবল পদায়ন ইত্যাদি বিভিন্ন বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

০৫। পরিদর্শনকালে জানা যায় যে, ওসিসি এর ক্লিনিকাল সাইকোলস্টিষ্ট এর পদ বিগত ২১-০১-২০২৩ তারিখ থেকে শূন্য আছে। ফলে কেন্দ্রে আগত ভিকটিমদের কাউন্সেলিং সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে। তাছাড়া ওসিসি-তে কোন মহিলা মেডিকেল অফিসার সার্বক্ষনিকভাবে নিয়োজিত না থাকায় নির্যাতিত নারীদের মেডিকেল পরীক্ষা-নিরীক্ষাসহ ওসিসি তে জরুরী চিকিৎসা সেবা প্রদানে জটিলতার সৃষ্টি হয়। জরুরী প্রয়োজনে গাইনী বিভাগ বা অন্য কোন বিভাগ থেকে নারী চিকিৎসক কে ডেকে এনে জরুরী চিকিৎসা সেবা প্রদান করা হয়। উল্লেখ্য যে,নির্যাতন ও ধর্ষণের শিকার নারী ভিকটিমদের মেডিকেল পরীক্ষা নারী চিকিৎসকদের মাধ্যমে সম্পাদনের জন্য উচ্চ আদালতের নির্দেশনা ও আইনগত বাধ্যবাধকতা আছে।

০৬। সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজের ওসিসি তে সিলেট জেলা, সিলেট মহানগর এবং পার্শ্ববর্তী সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলা থেকে ভিকটিমগণ ভর্তি হতে আসে। বিভাগীয় শহরের এ ওসিসি এর বেড সংখ্যা মাত্র ১০ (দশ) যা অত্যন্ত অপ্রতুল। অনেক সময় বেডের অভাবে মেঝেতে রেখে ভিকটিমদের চিকিৎসা সেবা দিতে হয়। তাই এ কেন্দ্রের ওয়ার্ড সম্প্রসারণ ও বেড সংখ্যা বৃদ্ধি অত্যন্ত জরুরী।

০৭। ওসিসি এর বৈজ্ঞানিক কর্মকতার ২টি পদ শূন্য থাকায় ভিকটিমদের ডিএনএ স্যাম্পল সংগ্রহ, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণে নানাবিধ অসুবিধার সম্মুখীন হতে হয়। তাছাড়া কেন্দ্রের ষ্টেশনারী ও যাতায়াত খাতে বরাদ্দ না থাকায় দৈনন্দিন বিবিধ ব্যয় এবং সংগৃহীত ডিএনএ স্যাম্পল ঢাকায় প্রেরণ করা যাচ্ছে না। পরিদর্শনকালে দেখা যায় যে, মোট ৮৫টি ডিএনএ স্যাম্পল সংগ্রহক্রমে স্টোরে সংরক্ষণ করা আছে। কিন্তু যাতায়াত খাতে কোন বরাদ্দ না থাকায় সংগৃহীত স্যাম্পল ঢাকায় প্রেরণ সম্ভব হচ্ছে না। উপরন্তু স্টোর রুম অত্যন্ত ছোট হওয়ায় এবং সেখানে কোন র‌্যাক না থাকায় সংগৃহীত স্যাম্পল ও বিভিন্ন আলামত মেঝেতে রাখা হচ্ছে, যার ফলে যে কোন সময় পানি বা অন্য কোনভাবে আলামত বিনষ্ট হয়ে যাওয়ার আশংকা আছে।

**০৮। পর্যবেক্ষণ, মতামত ও সুপারিশ:**

i) সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে স্থাপিত ওসিসি তে অবিলম্বে একজন সার্বক্ষণিক কোঅর্ডিনেটর এবং নারী ভিকটিমদের জরুরী চিকিৎসা সেবা নিশ্চিতকরণে নূন্যতম একজন নারী চিকিৎসককে সার্বক্ষণিকভাবে মেডিকেল অফিসার পদে পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ এবং পরিচালক, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এর সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

ii) ভিকটিমদের ক্রমবর্ধমান চাপ সামাল দেয়ার জন্য ওসিসি ওয়ার্ড সম্প্রসারণক্রমে বেড সংখ্যা বৃদ্ধির সদয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালকে অনুরোধ করা হলো।

iii) ভিকটিমদের কাউন্সিলিং সেবা প্রদানের স্বার্থে ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট এর শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্তা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প কে অনুরোধ করা হলো।

iv) ওসিসি এর দৈনন্দিন বিবিধ ব্যয় নির্বাহের জন্য ষ্টেশনারী খাতে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করা হলো।

v) সংগৃহীত ডিএনএ স্যাম্পল ঢাকাস্থ প্রোফাইলিং ল্যাবে প্রেরণের জন্য যাতায়াত/ভ্রমণ খাতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক এবং মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

vi) সংগৃহীত ডিএনএ স্যাম্পল যথাযথভাবে সংরক্ষণের স্বার্থে বিদ্যমান স্টোর রুম সম্প্রসারণ এবং স্টোর রুমে স্টীল/কাঠের র‍্যাক/সেলফ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, প্রকল্প পরিচালক ও মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তর কে অনুরোধ করা হলো।

vii) যথাযথভাবে ডিএনএ স্যাম্পল সংগ্রহ, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের নিমিত্ত বৈজ্ঞানিক কর্মকর্তার শূন্যপদ পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তর কে অনুরোধ করা হলো।

viii) ওসিসি তে আগত ভিকটিমদের চিকিৎসা পরবর্তী পর্নবাসন/প্রশিক্ষণ ইত্যাদি সার্বিক বিষয়ে সমন্বয়ের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর উদ্যোগে হাসপাতালের পরিচালক মহোদয়,ওসিসি এর কো-অর্ডিনেটর,জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সহ সংশ্লিষ্টদের উপস্থিতিতে মত বিনিময় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কে অনুরোধ করা হলো।

ix) জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ক মাসিক সভায় ওসিসি এর কোঅর্ডিনেটর এর উপস্থিতি নিশ্চিতকরণে জেলা প্রশাসক, সিলেট এবং উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সিলেট কে অনুরোধ করা হলো।

x) স্ক্রিনিং ল্যাব থেকে প্রেরীত ডিএনএ স্যাম্পলের টেষ্টের ফলাফলের একটি অনুলিপি সংশ্লিষ্ট ল্যাব এ প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**০৯। সার্বিক মতামত:**

উপর্যুক্ত মতামত ও সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে স্থাপিত ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টার ও বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাব এ অঞ্চলে নির্যাতনের শিকার নারী ও শিশু ভিকটিমদের প্রয়োজনীয় সেবা ও সহায়তা প্রদানে কার্যকর ভূমিকা রাখতে পারবে মর্মে প্রতীয়মান হয়।

৩০/০৪/২০২৩

(মোঃ মুহিবুজ্জামান)
অতিরিক্ত সচিব

সচিব,
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

৩। মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বেইলী রোড, ঢাকা।

৪। পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

৫। প্রকল্প পরিচালক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম,মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

৬। জেলা প্রশাসক, সিলেট।

৭। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। কো-অর্ডিনেটর,ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি), সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

৯। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর,জেলরোড,সিলেট।

১০। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা,জেলা শিশু একাডেমি,রিকাবীবাজার,সিলেট।